

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৩২

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো সর্বাবস্থায় সুধারণা পোষণ করে আল্লাহর প্রতি আস্থা রাখা

ذِكْنُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ التِّقَةِ بِاللَّهِ جَلَّ وَعَلَا بِحُسْنِ الظَّنّ فِي أحواله به

আরবী

632 _ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا شَبَابَةُ قَالَ: حَدَّثَنَا شَبَابَةُ قَالَ: حَدَّثَنَا شَبَابَةُ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ الْغَازِ قَالَ: حَدَّثَنَا حَيَّانُ أَبُو النَّضْرِ عَنْ وَاثِلَةَ بْنِ الْأَسْقَعِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول: (قال الله تبارك وتعالى: أَنَا عِنْدَ ظَنِّ عَبْدِي بِي فَلْيَظُنَّ بِي ما شاء)

الراوي: وَاثِلَة بْنِ الْأَسْقَعِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 632 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৩২. ওয়াসিলাহ বিন আসকা'রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ তা'আলা বলেন: "আমার ব্যাপারে আমার বান্দার ধারণা মোতাবেক আমি (আচরণ করে) থাকি। অতএব সে আমার ব্যাপারে যেমন ইচ্ছা ধারণা পোষণ করুক।"[1]

ফুটনোট

[1] আব্দুল্লাহ বিন মুবারক, আয যুহদ: ৯০৯; আদ দারেমী: ২/৩০৫; তাবারানী, আল কাবীর: ২২/২১০; দুলাবী, আল কুনা: ২/১৩৭; মুসনাদ আহমাদ: ৩/৪৯১; মাজমাউয যাওয়াইদ: ২/৩১৯।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৬৬৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন